

৭ কলেজে ভর্তি বিজ্ঞপ্তি ২০ জুলাইয়ের মধ্যে,পরীক্ষা আগস্টের শেষে

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৫ জুলাই ২০২৫, ১২:৫৩



ছবি : সংগৃহীত

রাজধানীর সরকারি সাত কলেজে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি আগামী ২০ জুলাইয়ের মধ্যে প্রকাশ করা হবে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বিজ্ঞপ্তি প্রকাশের পর চলতি মাস থেকে শুরু হতে পারে অনলাইন আবেদন।

আবেদন প্রক্রিয়া শেষে আগস্ট মাসের শেষদিকে অথবা সেপ্টেম্বরের শুরুতে ভর্তি পরীক্ষা নিতে চায় কর্তৃপক্ষ। এ বছর থেকে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির (ডিসিইউ) অধীনে সাত কলেজে শিক্ষার্থী ভর্তি করা হবে।

সাত কলেজের অন্তর্বর্তী প্রশাসক অধ্যাপক এ কে এম ইলিয়াস সংবাদমাধ্যমকে এসব তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, ‘আমরা পাঠদানের অনুমোদন পেয়েছি। জুলাইয়ের প্রথম সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয় এ অনুমোদন দিয়েছে।

বিজ্ঞপ্তি প্রকাশের জন্য খুঁটিনাটি কিছু কাজ চলছে। চলতি সপ্তাহে আমরা বিজ্ঞপ্তি প্রকাশ করতে চাই। খুব বেশি দেরি হলেও ২০ জুলাই পার হবে না। তার আগেই বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।’

আবেদন ও ভর্তি পরীক্ষার তারিখ বিষয়ে প্রশাসক অধ্যাপক ইলিয়াস বলেন, ‘ভর্তি বিজ্ঞপ্তিতে সেটা স্পষ্ট উল্লেখ করে দেওয়া হবে। এ পর্যন্ত যে পরিকল্পনা আমরা হাতে নিয়েছি, তাতে আগস্টের শেষ দিকে অথবা সেপ্টেম্বরের শুরুতে ভর্তি পরীক্ষা নেওয়া হতে পারে। দ্রুত ফল প্রকাশ ও ভর্তি শেষ করে অক্টোবরে ক্লাস শুরু করতে চাই আমরা।’

আসন সংখ্যা ও সিলেবাস প্রসঙ্গে তিনি বলেন, ‘এবারও আমরা বিদ্যমান কাঠামোতে থাকছি। সেভাবেই (বিদ্যমান কাঠামো মেনে) শিক্ষা মন্ত্রণালয় অনুমোদন দিয়েছে। আসন কমানো বলতে...যে বিভাগগুলোতে একেবারেই শিক্ষক নেই, শিক্ষকশূন্য; সেখানে শিক্ষার্থী ভর্তি স্থগিত রাখা হতে পারে।

তাছাড়া বাকি সব ঠিক থাকবে। শিক্ষার্থীদের দাবি শ্রেণিকক্ষের ধারণক্ষমতা অনুযায়ী ভর্তি। সেটা এবার হয়তো পুরোপুরি বাস্তবায়ন সম্ভব নয়। আগামীতে হিসাব কষে আসন কমানোর বিষয়টি বিবেচনা করা হবে।’

সেকেন্ড টাইম বা ২০২৩ সালে এইচএসসি ও সমমান পরীক্ষায় পাস করা শিক্ষার্থী আবেদন করতে পারবে কি না, এমন প্রশ্নে সাত কলেজ প্রশাসক বলেন, ‘এখন পর্যন্ত আমরা সেকেন্ড টাইম রাখতে চাইছি। তারা হয়তো সুযোগ পাবে। আমাদের ভর্তির কমিটিগুলো কাজ করছে। ভর্তি বিজ্ঞপ্তিতে বিস্তারিত উল্লেখ থাকবে। তবে আগামী বছর থেকে সেকেন্ড টাইম নাও থাকতে পারে।’

ভর্তি পরীক্ষার পদ্ধতি সম্পর্কে তিনি বলেন, ‘আমরা সনাতন পদ্ধতি বা যেটি ছিল সেটাতেই এবার ভর্তি পরীক্ষা নেবো।

তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাইরে আমরা বুয়েটের টেকনিক্যাল সহায়তা নেওয়ার চিন্তাভাবনা করছি। বুয়েটের টিমের সঙ্গে কথাবার্তা চলছে। চূড়ান্ত হলে ভর্তির টেকনিক্যাল দিকটা বুয়েটই দেখবে।’

খোঁজ নিয়ে জানা যায়, ঢাবির অধিভুক্ত থাকার সময়ে চলতি বছর এক দফা ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। তাতে সাত কলেজের অধীনে সব অনুষদ মিলিয়ে মোট ২৩ হাজার ৫২৮টি আসন ছিল।

বিজ্ঞান অনুষদে মোট আসন ছিল ৮ হাজার ৬২৭টি। কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদে আসন সংখ্যা ১০ হাজার ১৯টি। ব্যবসায় শিক্ষা অনুষদে আসন ছিল চার হাজার ৮৯২টি।

অন্তর্বর্তী প্রশাসকের দেওয়া তথ্যমতে, ঢাবির অধিভুক্ত থাকা অবস্থায় সাত কলেজে যে আসন ছিল, তা এ বছর খুব সামান্য কমতে পারে।

ইত্তেফাক/পিএস